



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2022

গভর্নর ক্যাথি হোকল

## বিদ্রোহের সময়ে যেসব সাহসী আমেরিকান আমাদের দেশের রাজধানীর প্রতিরক্ষা করেছেন তাদের সম্মানে পতাকা অর্ধনমিত রাখার জন্য গভর্নর হোকলের নির্দেশ

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2021 সালের বিদ্রোহ প্রচেষ্টার সময়ে যেসব সাহসী আমেরিকান যুক্তরাষ্ট্রের ক্যাপিটল ভবনের প্রতিরক্ষার দায়িত্ব পালন করেছেন তাদের সম্মানে 6 জানুয়ারি তারিখে স্টেট ভবনগুলোতে পতাকা অর্ধনমিত রাখা হবে। দুপুর 2:11টা — যে সময়ে ক্যাপিটল ভবনে প্রথম হামলা হয়েছিল — থেকে শুরু করে পতাকা অর্ধনমিত রাখা হবে এবং রাত 8:06টার সময়ে — যুক্তরাষ্ট্রের সিনেট অধিবেশন পুনরায় শুরুর সময়ে, পতাকা পূর্ণ উত্তোলিত অবস্থায় নিয়ে আসা হবে।

"গত বছর 6ই জানুয়ারির বিদ্রোহের সময়ে হওয়া কাপুরুষোচিত হামলা যুক্তরাষ্ট্রের ক্যাপিটল ভবনে হামলার চেয়েও বেশি কিছু ছিল, এটা ছিল আমাদের গণতান্ত্রিক আদর্শের উপর হামলা," বলেছেন গভর্নর হোকল। "আমরা কখনোই ভীতসন্ত্রস্ত হবো না - গণতন্ত্র সর্বদাই বিজয়ী হবে। 6ই জানুয়ারিতে জনসাধারণের নিরাপত্তা রক্ষায় যারা নিজেদের জীবনকে বাজি রেখেছেন সেসব সাহসী বীরদের আমি ধন্যবাদ জানাই, ও যে আদর্শ নিয়ে আমরা এই দেশকে গড়ে তুলেছিলাম সেগুলোর প্রতি মনোযোগী হতে আমি আমাদের সবাইকে উৎসাহিত করছি: গণতন্ত্র, সহিষ্ণুতা, এবং বিভেদের বদলে একতা।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবন্ধাইব করুন](#)